

প্রচ্ছদ

রাজ্যের খবর

জাতীয়

আন্তর্জাতিক

খেলাধুলা

স্বাস্থ্য ও সচেতনতা

আরো

ফটো গ্যালারি

ভিডিও

ডঃ অরিজিৎ দাস সাক্ষাৎ করলেন রাজ্যের উচ্চ শিক্ষামন্ত্রীর সঙ্গে

Posted on **August 24, 2015** by **santanu99** —

দেবজিৎ চক্রবর্তী, আগরতলা, ২৪ আগস্ট ॥ নিরলসা প্রচেষ্টা আর অধ্যবসায়ের স্বীকৃতি স্বরূপ রসায়নে ইতিমধ্যেই অর্জন করেছে বহু কৃতিত্ব, তার সঙ্গে সম্প্রতি যুক্ত হয়েছে কৃতিত্বের নতুন অধ্যায় – সেই কৃতিত্বের পরেও রসায়নলব্ধ ক্ষুদ্র মেটেনি এবার তৈরী হচ্ছেন আগামীর নতুন উদ্ভাবনের জন্য – তিনি হচ্ছেন এই পাহাড়ী রাজ্যের উজ্জ্বল ব্যক্তিত্ব রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাস। অতিসম্প্রতি ডঃ অরিজিৎ দাসের ‘Education in Chemical Science & Technology’ জার্নালের স্বীকৃতির সংবাদ দেশের সীমা ছাড়িয়ে পৌঁছে গেছে বিদেশে।



সোমবার, রামঠাকুর কলেজের অধ্যক্ষ ডঃ দেবব্রত

গোস্বামীকে সঙ্গে নিয়ে ডঃ অরিজিৎ দাস সৌজন্য সাক্ষাতে মিলিত হন রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী তপন চক্রবর্তীর সরকারী আবাসে। রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী শ্রী দাসের অসাধারণ কীর্তির জন্য ভূয়সী প্রশংসা করে বলেছেন রাজ্যের জন্য কিছু করা যায় কিনা সে নিয়ে চিন্তাভাবনা করতে। ডঃ অরিজিৎ দাসের কাছে উচ্চশিক্ষামন্ত্রী ফ্রি-কোচিংয়ের কথা বলেন, শ্রী দাস রাজ্যের বিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের স্বার্থে সন্মত হয়েছেন ফ্রি-কোচিং প্রদানে। ডঃ অরিজিৎ দাস সহজবোধ্য পদ্ধতিতে রসায়নের ১৬টি এবং আধুনিক ৩৬টি ফর্মুলার যে জার্নালের জন্য সংবর্ধিত হয়েছেন, সেই জার্নালের ৬টি খন্ড তুলে দেন রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রীর হাতে, ৬টি খন্ডের একটি দিয়েছেন রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রীকে। রাজ্যের UG এবং PG-র রসায়নের শিক্ষার্থীদের মধ্যে এই জার্নাল পৌঁছে গেলে উপকৃত হবে বিজ্ঞানের উত্তরসূরীরা – নিশ্চিৎ ডঃ অরিজিৎ দাস।

[f](#) [t](#) [g+](#) [+](#) Share / Save [f](#) [t](#) [r](#)

This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<http://newsupdateoftripura.com/archives/7714>].